



## আবেদনকারীর জন্য নির্দেশনাবলী

- (১) আবেদনপত্রে প্রদত্ত আবেদনকারীর স্বাক্ষর কমিশনের ডাটাবেজে সংরক্ষিত আবেদনকারীর স্বাক্ষরের অনুরূপ হইবে। আঠারো বছরের কম বয়স্ক/ আদালত কর্তৃক অপ্রকৃষ্ট ঘোষিত পরিচয়পত্রধারীর ক্ষেত্রে, পিতা/মাতা/ আইনানুগ অভিভাবক অত্র আবেদনপত্রে স্বাক্ষর করিবেন। আবেদন পত্রের সহিত উক্ত পিতা/মাতা/ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি অবশ্যই জমা দিতে হইবে।
- (২) জাতীয় পরিচয়পত্র হারাইয়া গিয়াছে বা নষ্ট হইয়াছে মর্মে থানায় রক্তুকৃত সাধারণ ডায়েরি (জি,ডি) তে সংশ্লিষ্ট পরিচয়পত্রধারীর ভোটার নম্বর/ জাতীয় পরিচিতি নম্বর/ নিবন্ধন ফরম নম্বর (যদি থাকে) উল্লেখ করিতে হইবে। ভোটার নম্বর/নিবন্ধন ফরম নম্বর জানা না থাকিলে, সংশ্লিষ্ট জেলা/ উপজেলা/ থানা নির্বাচন কার্যালয় হইতে সংগ্রহ করা যাইবে।
- (৩) আবেদনপত্রের সহিত সাধারণ ডায়েরির (জি,ডি) কপি সংযুক্ত করিতে হইবে।
- (৪) আবেদনপত্রের সহিত হারানো বা নষ্ট জাতীয় পরিচয়পত্রের অনুলিপি (যদি থাকে) সংযুক্ত করিতে হইবে।
- (৫) আবেদনপত্রের সহিত জরুরি বা সাধারণ উলেখপূর্বক বিধি ৮ অনুসরণ করিতে হইবে।
- (৬) কোন নাগরিক কর্তৃক একাধিক জাতীয় পরিচয়পত্র গ্রহণ আইনত দণ্ডনীয় অপরাধ।
- (৭) আবেদনপত্রের সহিত জন্ম নিবন্ধন সনদের অনুলিপি দাখিল করিতে হইবে।
- (৮) আবেদনের কোন ত্রুটি (যদি থাকে) নির্ধারিত তারিখের মধ্যে দূরীকরণ না করিলে আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।